**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 13-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## AIIMS - VP Radhakrishnan:

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, নয়াদিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস (এইমস), দেশের চিকিৎসা উদ্ভাবন এবং স্বাস্থ্যসেবা উৎকর্ষের প্রধান চালিকাশক্তি হিসেবে উঠে এসেছে। নয়াদিল্লিতে ভারত মণ্ডপমে এইমসের ৫১তম সমাবর্তন অনুষ্ঠানে গতকাল উপরাষ্ট্রপতি বলেন, এইমস সাধারণ মানুষের জন্য উল্লেখযোগ্যভাবে সাশ্রয়ের পাশাপাশি রোগী সেবা এবং আধুনিক চিকিৎসার সর্বোচ্চ মান স্থাপন করেছে। তিনি উল্লেখ করেন, অতিমারী মোকাবিলা থেকে শুরু করে গ্রামীণ স্বাস্থ্যসেবা পর্যন্ত, এইমস ব্র্যান্ড ভারত এবং দক্ষিণ-পূর্ব এশীয় অঞ্চল জুড়ে বিশ্বাস এবং সততার সমার্থক হয়ে উঠেছে। উপরাষ্ট্রপতি বলেন, এইমস এখন স্বাস্থ্যসেবা এবং চিকিৎসা শিক্ষায় আন্তর্জাতিক মানদণ্ড স্থাপন করছে। কিউএস ওয়ার্ল্ড র‍্যাঙ্কিং-এর কথা উল্লেখ করে উপরাষ্ট্রপতি বলেন, এইমস মাত্র দুই বছরে ৪০ ধাপ এগিয়ে বিশ্বব্যাপী ১০৫তম স্থানে পৌঁছেছে। সমাবর্তনে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগতপ্রকাশ নাড্ডা সহ অন্যরা উপস্থিত ছিলেন৷

******************************

## Cyber Crime Coordination -MoU with RBI:

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, নরেন্দ্র মোদী সরকার একটি সাইবার-সুরক্ষিত ভারত গড়ার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। তিনি জোর দিয়ে বলেন সাইবার অপরাধ দমনে ভুয়ো অ্যাকাউন্টগুলো বড় চ্যালেঞ্জ। ইন্ডিয়ান সাইবার

ক্রাইম কো-অর্ডিনেশন সেন্টার (ফোরটিন-সি) গতকাল রিজার্ভ ব্যাঙ্ক ইনোভেশন হাবের সঙ্গে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষর করেছে। এর উদ্দেশ্য হলো ব্যাংকিং এবং ডিজিটাল পেমেন্ট ব্যবস্থায় সাইবার-সক্ষম আর্থিক জালিয়াতি মোকাবিলা এবং ভুয়ো অ্যাকাউন্টগুলো নিয়ন্ত্রণে সহযোগিতা জোরদার করা। এই সমঝোতা স্মারকের লক্ষ্য হলো জালিয়াতির ঝুঁকি সংক্রান্ত তথ্য আদান-প্রদান, বিশ্লেষণাত্মক সহায়তা এবং সক্রিয় জালিয়াতি শনাক্তকরণ ও প্রতিরোধ ব্যবস্থা শক্তিশালী করার জন্য পরিচালনগত সমন্বয়ের ক্ষেত্রে সহযোগিতা সহজতর করা। সামাজিক মাধ্যমে শ্রী শাহ বলেন, এই পদক্ষেপটি ফোরটিনসি-র সন্দেহভাজন রেজিস্ট্রি থেকে প্রাপ্ত তথ্য এআই-চালিত জালিয়াতি শনাক্তকরণ সিস্টেমে পাঠানোর মাধ্যমে দ্রুত লুকানো ভুয়ো অ্যাকাউন্টগুলো শনাক্ত ও নির্মূল করবে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এটি সাইবার অপরাধের বিরুদ্ধে নাগরিকদের পরবর্তী প্রজন্মের ঢাল হিসেবে কাজ করবে।

*****************************

**CBI – NEET:**

ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট (NEET)-UG ২০২৬এর প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (CBI) একটি মামলা দায়ের করেছে। শিক্ষা মন্ত্রকের উচ্চশিক্ষা বিভাগ থেকে লিখিত অভিযোগের ভিত্তিতে এই মামলা নথিভুক্ত হয়েছে। তদন্তকারী সংস্থার বিবৃতিতে জানানো হয়েছে, NEET-UG পরীক্ষায় অনিয়ম এবং প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় এফআইআর দায়ের করা হয়েছে। সংস্থাটি আরও জানিয়েছে, এই বিষয়ে তদন্তের জন্য বিশেষ তদন্তকারী দল গঠন করে বিভিন্ন স্থানে পাঠানো হয়েছে।

এর আগে, নয়াদিল্লিতে NEET পরীক্ষা বাতিলের বিষয়ে ন্যাশনাল টেস্টিং এজেন্সির মহাপরিচালক অভিষেক সিং বলেছিলেন, শিক্ষার্থীদের NEET (UG) পরীক্ষার ফি ফেরত দেওয়া হবে। তিনি বলেছেন, এনটিএ শিক্ষার্থীদের জন্য

পুনঃপরীক্ষার আয়োজন করবে এবং তা সুষ্ঠুভাবে করা হবে। এই পুনঃপরীক্ষার জন্য কোনো অতিরিক্ত ফি নেওয়া হবে না। উল্লেখ্য, ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ) চলতি মাসের ৩ তারিখে NEET (UG) ২০২৬ পরীক্ষা নিয়েছিল।

*******************************

**National Seminar-Kailashahar :**

কৈলাশহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ে দু'দিনের জাতীয় আলোচনচক্র আজ শেষ হচ্ছে।কেন্দ্রীয় সরকারের "প্রধানমন্ত্রী উচ্চতর শিক্ষা অভিযান" বা PM-USHA এর অধীনে এই কর্মসূচির আয়োজন। আলোচনাচক্রের বিষয় "নীতি ও রাজনীতিতে নারী একটি উপনিবেশ পরবর্তী দৃষ্টিভঙ্গি"। কলেজের ইতিহাস ও অর্থনীতি বিভাগের যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত এই আলোচনাচক্র গতকাল শুরু হয়েছে। উদ্বোধন করেন আসাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপিকা ডক্টর সুপর্ণা রায়। বক্তা ছিলেন, চন্ডীপুর ব্লকের BDO দেবপ্রিয়া দাস, কলেজের অধ্যক্ষ ডক্টর অজিত বর্মণ, অধ্যাপক সোমেন দত্ত প্রমুখ। আলোচনাচক্রে মোট ২৮টি গবেষনাপত্র উপস্থাপিত হওয়ার কথা রয়েছে। অনুষ্ঠানে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাস বিভাগে স্বর্ণপদকপ্রাপ্ত কলেজ ছাত্রী আয়েশা খানমকে সংবর্ধনা জানানো হয়।

*******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শুক্রবার থেকে ৬ দিনের জন্য পাঁচটি দেশ সফর করবেন। তিনি এই সফরে সংযুক্ত আরব আমির শাহি, নেদারল্যান্ড, সুইডেন, নরওয়ে এবং ইতালি যাবেন|

*******************************

**Puduchery :**

আজ পুদুচেরির মুখ্যমন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করবেন এন. রঙ্গস্বামী| লোকভবনে শ্রী রঙ্গস্বামীকে শপথ বাক্য পাঠ করাবেন উপ-রাজ্যপাল কে. কৈলাশনাথন।

*****************************

**PM-AJAY :**

কেন্দ্রীয় সরকারের "প্রধানমন্ত্রী অনুসূচিত জাতি অভ্যুদয় যোজনা" বা PM-AJAY এর মাধ্যমে কর্মসূচি রূপায়ণ বিষয়ে এক বৈঠক গতকাল কৈলাশহরে জেলাশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি সন্তোষ ধর, জেলা শাসক ডক্টর তমাল মজুমদার, জেলা কল্যাণ আধিকারিক এস্টার জংতে প্রমুখ। বৈঠকে চলতি অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়।

*****************************

**Knockout Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব ও জয়নগর ক্রিকেট ক্লাব সেমিফাইনালে উঠেছে। গতকাল আসরের দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। এম বি বি স্টেডিয়ামে জয়নগর ক্রিকেট ক্লাব ২৪৩ রানে মৌচাক ক্লাবকে এবং নরসিংগড়ের পি টি এ মাঠে ব্লাডমাউথ ক্লাব ১৭৬ রানে চলমান সংঘকে পরাজিত করেছে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় আকাশ সাধারণত মেঘলা থাকবে৷ পশ্চিম জেলা, ধলাই, খোয়াই, ঊনকোটি ও উত্তর জেলায় বজ্রবিদ্যুৎ ও ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া

দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে  সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৯ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

*****************************